



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি

**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ৭৫তম জন্মদিনে শুভেচ্ছা ॥**

সোনার বাংলা গড়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছেন

-জাবি উপাচার্য ড. ফারজানা ইসলাম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৮ সেপ্টেম্বর ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল প্রশাসনের আয়োজনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। সকাল দশটায় শেখ হাসিনা হল প্রশাসন করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভার আয়োজন করে। অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি গভীর শ্রদ্ধা, ভালোবাসা এবং শুভেচ্ছা জানিয়ে বলেন, আজ আমাদের গৌরবের দিন। মাননীয় প্রধানমন্ত্রী এ দিন জন্মগ্রহণ করেছিলেন। তিনি জীবনে বহু দুর্ভোগের মধ্যদিয়ে অব্যাহতভাবে এগিয়ে যাচ্ছেন। তাঁকে হত্যা করার জন্য অনেকবার হামলা করা হয়েছে। তাঁর রাষ্ট্র পরিচালনার কাজে নানাভাবে বাধা-বিঘ্ন সৃষ্টি করা হয়েছে। কিন্তু তিনি অকুতোভয়। বাঙালির ভাগ্য পরিবর্তনে সোনার বাংলা গড়ার লক্ষ্যে তিনি নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছেন। উপাচার্য বলেন, মাননীয় প্রধানমন্ত্রী খুব বিচক্ষণতার সাথে রাষ্ট্র পরিচালনা করছেন। বিশ্বব্যাপী করোনা মহামারির সময়ে তিনি দূরদর্শী সিদ্ধান্ত নিয়ে দেশের জনমানুষের স্বাস্থ্য সুরক্ষার পদক্ষেপ নিয়েছেন। অর্থনৈতিক ক্ষয়-ক্ষতি কাটিয়ে উঠার লক্ষ্যে তিনি বিভিন্ন ধাপে বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করছেন। তাঁর ৭৫তম জন্মদিন একটি অন্যান্য মাইলফলক। তিনি বাংলাদেশকে সুখী-সমৃদ্ধ দেশ হিসেবে উন্নীত করার দ্বারপ্রান্তে নিয়ে গেছেন। উপাচার্য বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা আজ বাস্তবের পথে। উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘ কর্মজীবন কামনা করেন। হল প্রভোস্ট অধ্যাপক বশির আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. ফরহাদ হোসেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এ মামুন, প্রভোস্ট কমিটির সভাপতি বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. মুজিবুর রহমান, ভারপ্রাপ্ত প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান, অফিসার সমিতির সভাপতি ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) আবু হাসান প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন অনুষ্ঠান ডিন, হল প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, শিক্ষক এবং হলের কর্মকর্তা ও কর্মচারি উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। সবশেষে প্রধানমন্ত্রীর জন্য দোয়া এবং হল প্রাঙ্গণে আমলকি, হরিতকি, বহেরা ও বকুল গাছের চারা রোপণ করা হয়।

এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিন উপলক্ষে আজ সন্ধ্যা সাতটায় 'রাষ্ট্রনায়ক শেখ হাসিনার জীবন ও কর্ম' শীর্ষক এক ভারুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে জাতীয় সংসদের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন এবং মুখ্য আলোচক হিসেবে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক জাফর ওয়াজেদ সংযুক্ত হবেন। অনুষ্ঠান সঞ্চালনা করবেন হল প্রভোস্ট অধ্যাপক বশির আহমেদ।

১৫/১২/১৮

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

